



১১-০৫-২০১৮,

'স্যাটেলাইট নিরাপত্তার কারণে উৎক্ষেপণ না করা স্বাভাবিক'



প্রতিকূল আবহাওয়া এবং কারিগরি ত্রুটির কারণে বাংলাদেশের প্রথম বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ করা সম্ভব হয়নি বলে মনে করছেন বিশেষজ্ঞরা। রিজার্ভ ডে থাকায় উৎক্ষেপণে কোনো সমস্যা হবে না বলেও আশাবাদী তারা। শেষ মুহূর্তে আকস্মিকভাবে স্যাটেলাইট উৎক্ষেপণ স্থগিত করায় কিছুটা হতাশা প্রকাশ করেছেন অধীর অপেক্ষায় থাকা দর্শনার্থীরা।

রুদ্ধশ্বাস এ অপেক্ষা। কখন উৎক্ষেপণ হবে স্বপ্নের স্যাটেলাইট এই আশাতেই নির্ঘুম রাত কাটিয়েছেন উৎক্ষেপণের অপেক্ষায় থাকা দর্শনার্থীরা। গান বাজনার পাশাপাশি নানাভাবে

সেই মাহেদ্রক্ষণের অপেক্ষায় ছিলেন তারা।

বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ব্র্যাক বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন স্থানেই ছিলো উদযাপনের নান প্রস্তুতি। যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় নির্ধারিত সময়ে উৎক্ষেপণের ঠিক আগ মুহূর্তে স্থগিত করা হয় ফেলকন-৯ এর লঞ্চিং। এতে কিছুটা হতাশ হন রাতভর অপেক্ষায় থাকা শিক্ষক শিক্ষার্থীরা। তবে শনিবার নিরাপদভাবেই স্যাটেলাইটটি উৎক্ষেপিত হবে বলে আশাবাদী তারা।

একজন শিক্ষার্থী বলেন, 'আমরা অনেক রাত জেগে এখানে ছিলাম লঞ্চিং দেখার জন্য। খারাপ তো লাগছেই।'

আরেকজন বলেন, 'এটা খুব স্বাভাবিক ঘটনা। মানে এটা এমন না টেকনিক্যাল সমস্যা। এটা নিরাপত্তার জন্য করা হয়।'

স্যাটেলাইটের নিরাপত্তা এবং সফলভাবে উৎক্ষেপণের বিষয়টি সবচেয়ে বেশি প্রাধান্য দেয়ায় এ ধরনের স্থগিতের ঘটনা খুবই স্বাভাবিক বলেও জানান বিশেষজ্ঞরা।

ব্র্যাক বিশ্ববিদ্যালয় শিক্ষক অধ্যাপক ড. খলিলুর রহমান বলেন, 'বাকি যে ৪৫ মিনিট হচ্ছিল। তারা চেষ্টা করেছে ঠিকভাবে করার। কিন্তু হয়নি। আশা করছি আজকে হবে।'

তবে স্বপ্নের এ স্যাটেলাইটের নিরাপদে উৎক্ষেপণ করতেই কোন ধরনের ঝুঁকি নেয়া হয়নি বলে জানান তিনি।